



সংবাদ বিজ্ঞপ্তি

রাবি'র অত্যাৱশ্যকীয় প্রশাসনিক অফিসসূহ সীমিত পরিসরে খুলবে ১ জুন

রাজশাহী বিশ্ববিদ্যালয়, ৩০ মে ২০২০:

আজ শনিবার বিকাল ৫.০০টায় উপাচার্য প্রফেসর এম আব্দুস সোবহানের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয় সিডিকেটের জরুরি সভা অনুষ্ঠিত হয়। উপাচার্য ভবনে অনুষ্ঠিত এ সভায় ২৮.০৫.২০২০ তারিখের সরকারী প্রজ্ঞাপন অনুযায়ী স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব নীতিমালা অনুসরণপূর্বক বিশ্ববিদ্যালয়ের অত্যাৱশ্যকীয় প্রশাসনিক অফিসসূহ (ন্যূনতম সংখ্যক অত্যাৱশ্যক জনবল নিয়ে) সীমিত পরিসরে আগামী ১ জুন সোমবার থেকে খোলার সিদ্ধান্ত গ্রহন করা হয়। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এ সিদ্ধান্ত বলবৎ থাকবে।

পরিচ্ছন্নতাকর্মী, মালি, নিরাপত্তা প্রহরী ও অন্যান্য জরুরী সেবায় সংশ্লিষ্টরা স্বাস্থ্যবিধি মেনে কাজে নিয়োজিত থাকবে। শিক্ষার্থীসহ বহিরাগত ও দর্শনার্থী কেউ ক্যাম্পাসে প্রবেশ করতে পারবে না।

প্রফেসর প্রভাষ কুমার কর্মকার
প্রশাসক, জনসংযোগ দপ্তর
রাজশাহী বিশ্ববিদ্যালয়